


গণ-বিজ্ঞপ্তি

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর অনুচ্ছেদ ১১ এর দফা(২) অনুসারে আমি মোহাম্মদ আবরাউল হাছান মজুমদার, জেলা প্রশাসক, যশোর ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৫ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ/ ৩০ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ তারিখে প্রজ্ঞাপনের মাধ্যমে প্রত্যেক নির্বাচনি এলাকার ভোটারগণকে স্ব স্ব নির্বাচনি এলাকা হতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচিত করার জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করেছেন:-

ক) রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১৫ অগ্রহায়ণ ১৪৩০ ৩০ নভেম্বর ২০২৩	বৃহস্পতিবার
খ) রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১৬-১৯ অগ্রহায়ণ ১৪৩০ ১-৪ ডিসেম্বর ২০২৩	শুক্রবার-সোমবার
গ) মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের	:	২০-২৪ অগ্রহায়ণ ১৪৩০ ০৫-০৯ ডিসেম্বর ২০২৩	মঙ্গলবার-শনিবার
ঘ) আপিল নিষ্পত্তি	:	২৫-৩০ অগ্রহায়ণ ১৪৩০ ১০-১৫ ডিসেম্বর ২০২৩	রবিবার-শুক্রবার
ঙ) প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	০২ পৌষ ১৪৩০ ১৭ ডিসেম্বর ২০২৩	রবিবার
চ) প্রতীক বরাদ্দ	:	০৩ পৌষ ১৪৩০ ১৮ ডিসেম্বর ২০২৩	সোমবার
ছ) ভোটগ্রহণের তারিখ	:	২৩ পৌষ ১৪৩০ ০৭ জানুয়ারি ২০২৪	রবিবার

আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ সকাল ৮.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাঞ্চে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

২। পূর্বোল্লিখিত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা(৩) অনুসারে ৮৫ যশোর-১ নির্বাচনি এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী ৩০ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ/ ১৫ অগ্রহায়ণ ১৪৩০ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯ টা হতে বিকাল ০৪ টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয়ে (জেলা প্রশাসকের কার্যালয়, যশোর) এবং আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে (উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শার্শা, যশোর) মনোনয়নপত্র গৃহীত হবে। সেই সাথে অনলাইনেও মনোনয়নপত্র দাখিল করা যাবে।


(মোহাম্মদ আবরাউল হাছান মজুমদার)
জেলা প্রশাসক, যশোর

তারিখ: ১৫ দিন ১১ মাস ২০ ২৩ বৎসর

ও
রিটার্নিং অফিসার
৮৫ যশোর-১


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
যশোর

নং-১৭.০৫.৪১০০.০০০.৩৬.০০১.২৩.৮৭০

তারিখ: ১৫ নভেম্বর, ২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২। কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
- ৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৪। পুলিশ সুপার, যশোর।
- ৫। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, যশোর।
- ৬। জেলা কমান্ড্যান্ট আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, যশোর।
- ৭। সিনিয়র জেলা তথ্য অফিসার, যশোর (তাকে গণ-বিজ্ঞপ্তিটি বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, শার্শা, যশোর (তাকে গণ-বিজ্ঞপ্তিটি বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ৯। উপজেলা নির্বাচন অফিসার, শার্শা, যশোর।
- ১০। অফিসার ইন-চার্জ, শার্শা/ বেনাপোল পোর্ট থানা, যশোর।
- ১১। সভাপতি/ সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, যশোর।
- ১২।


জেলা প্রশাসক, যশোর

ও
রিটার্নিং অফিসার
৮৫ যশোর-১